অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/12/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক স্টেটে ফ্লু পরিস্থিতি বেড়ে যাওয়ায় গভর্নর কুউমো নিউ ইয়র্কবাসীকে টিকা নেয়ার কথা স্মরণ করিয়ে দিলেন

গত সপ্তাহে নতুন ইয়র্ক স্টেটে প্রাদুর্ভূত হয়েছে ঘোষণার পর আজ প্রকাশিত নতুন সংখ্যায় ফ্লুতে আক্রান্তের সংখ্যা 60 শতাংশ বেশি প্রদর্শন করছে

গভর্নর স্টেটের সংস্থাগুলোকে ফ্লু ভ্যাকসিন প্রচারে উৎসাহিত করার জন্য স্বাস্থ্য দপ্তরকে (Department of Health) নির্দেশনা দিয়েছেন

আপনার কাছাকাছি ফ্লু শট পেতে পারেন এমন স্থানগুলো সন্ধান করুন এখানে

আজকে প্রকাশিত নতুন গণনায় গবেষণাগারে ইনফ্লুয়েঞ্জার ঘটনা নিশ্চিত হওয়ার সংখ্যা বৃদ্ধির পরিস্থিতিতে গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ সকল নিউ ইয়র্কবাসীকে ফ্লু শট নেয়ার কথা স্মরণ করিয়ে দিয়েছেন। গভর্নর স্বাস্থ্য দপ্তরকে স্টেটের কর্মী এবং তাদের পরিবারের মধ্যে ফ্লু টিকা প্রদানে উৎসাহিত করার উপায় নিয়ে স্টেট সংস্থা ও কর্তৃপক্ষের সাথে কাজ করারও নির্দেশনা দিয়েছেন। সাধারণত অক্টোবর মাসে ফ্লু ঋতু শুরু হয় এবং মে মাস পর্যন্ত চলে, এবং এ বছর গভর্নর অক্টোবরে তার ফ্লু শট গ্রহণ করেন।

"স্টেট জুড়ে ফ্লু রোগের প্রবণতা বৃদ্ধি পেতে থাকায়, আমি নিউ ইয়র্কবাসীকে ভ্যাকসিন নেয়ার মাধ্যমে এই বিপজ্জনক ভাইরাসের বিরুদ্ধে নিজেকে এবং তাদের প্রিয়জনদের রক্ষা করার অনুরোধ করছি," **গভর্নর কুওমো বলেন।** "ফ্লু শট এখনও এই মৌসুমে সুস্থ থাকার সর্বোত্তম উপায় এবং নিউ ইয়র্কবাসীর ফ্লু ভ্যাকসিনের সম্প্রসারিত অংশগ্রহণের সুবিধা গ্রহণ করা এবং এই ভাইরাসের বিস্তার রোধে সহায়তা করতে হবে।"

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকার গত সপ্তাহে নিউ ইয়র্ক স্টেটে ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব হয়েছে ঘোষনা দেয়ার পর ফ্লু ঘটনার এই সর্বশেষ বৃদ্ধি পেল। ঘোষণাটি রোগীরা সাধারণত উপস্থিত থাকে এমন জায়গাগুলোতে ইনফ্লুয়েঞ্জা বিরোধী টিকা না নেয়া স্বাস্থকর্মীদের সার্জিকাল বা প্রসিডিউরাল মাস্ক পরিধান করতে হবে এমন একটি নিয়মকে কার্যকর করেছে। গত সপ্তাহে, গবেষণাগারে নিশ্চিত হয়েছে ইনফ্লুয়েঞ্জার এমন 1,839টি ঘটনা স্টেটের স্বাস্থ্য দপ্তরের নিকট জানানো হয়েছে, যা গত সপ্তাহ থেকে শতকরা 60 ভাগ বেশি। দপ্তরের নিকট এখন পর্যন্ত গবেষণাগারে প্রমাণিত 4,989টি ঘটনা জানানো হয়েছে। হাসপাতালে ভর্তির সাপ্তাহিক সংখ্যাও বেড়েছে, 328 জন নিউ ইয়র্কবাসী

গবেষণাগারে নিশ্চিত করা ইনফ্লুয়েঞ্জার জন্য হাসপাতালে ভর্তি হয়েছেন, যা আগের রিপোর্টের তুলনায় 32 শতাংশ বেশি। নিউ ইয়র্কে এ মৌসুমে এখন পর্যন্ত ফ্লু-এর কারণে হাসপাতালে ভর্তির 1,040টি ঘটনা এবং ফ্লু সংশ্লিষ্ট একটি শিশু মৃত্যুর খবর পাওয়া গেছে।

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "টিকা নেয়া ফ্লু থেকে রক্ষা পাওয়ার সর্বোত্তম উপায় এবং এটি ইনফ্লুয়েঞ্জার কারণে সবচেয়ে ঝুঁকির মুখে থাকা মানুষজন যেমন বয়োবৃদ্ধ ও খুব কম বয়সীদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ। ছয় মাসের বেশি বয়সী সকল নিউ ইয়র্কবাসীকে যত তাড়াতাড়ি সম্ভব ইনফ্লুয়েঞ্জা শট নেওয়ার জন্য আমি উৎসাহিত করি।"

নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকারে (New York State Flu Tracker) ইনফ্লুয়েঞ্জা সক্রিয়তা ডেটা পাওয়া যায়। ফ্লু ট্র্যাকার নিউ ইয়র্ক স্টেট হেলথ কানেক্টরের(New York State Health Connector)-এর একটি ড্যাশবোর্ড যেটি স্থানীয়, আঞ্চলিক এবং স্টেট জুড়ে ইনফ্লুয়েঞ্জার সক্রিয়তা সম্পর্কে সময়োপযোগী তথ্য প্রদান করে। আপনি কিভাবে নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকার ব্যবহার করতে পারেন তার একটি ভিডিও প্রদর্শনীর জন্য এখানে ক্লিক করুন।

স্টেটের স্বাস্থ্য দপ্তর ছয় মাস বা তার বেশি বয়সী প্রত্যেককে ইনফ্লুয়েঞ্জার একটি টিকা নেয়ার পরামর্শ দিচ্ছে। ইনফ্লুয়েঞ্জাজনিত জটিলতার উচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের জন্য, ভ্যাকসিনটি বিশেষত গুরুত্বপূর্ণ, যেমন 2 বছরের কম বয়সী শিশু, গর্ভবতী মহিলা এবং 65 বছরের বেশি বয়স্ক প্রাপ্তবয়স্করা। এছাড়াও হাঁপানি ও হৃদরোগের মত আগে থেকেই সমস্যা থাকা মানুষজন ব্যাপক ঝুঁকিতে রয়েছে, এর পাশাপাশি কিমোথেরাপি বা দীর্ঘস্থায়ী স্টেরয়েড ব্যবহারের মত রোগ বা ঔষধের কারণে দূর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা থাকা ব্যক্তিরাও ঝুঁকিতে রয়েছেন। যেহেতু ইনফ্লুয়েঞ্জা ভাইরাস কাশি বা হাঁচি দিয়ে সহজেই ছড়িয়ে পড়ে, তাই পরিবারের সদস্যরা এবং উচ্চ ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের সাথে নিয়মিত যোগাযোগে থাকা লোকেদের জন্য ইনফ্লুয়েঞ্জার একটি টিকা নেয়াও গুরুত্বপূর্ণ।

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention) প্রতিবছর ইনফ্লুয়েঞ্জা-সংশ্লিষ্ট অসুস্থতা থেকে রক্ষা করতে সেই বছরের ভ্যাকসিন কতটা কার্যকর তা নির্ধারণের উদ্দেশ্যে গবেষনা করে থাকে। যদিও বছরে বছরে কার্যকারিতা পরিবর্তিত হতে পারে, তবুও গবেষনা এটি দেখায় যে জনস্বাস্থ্য রক্ষায় টিকাই সবচেয়ে কার্যকর উপায়। উপরন্তু, গবেষণায় দেখা যায় যে কোনো ব্যক্তি যিনি টিকা গ্রহণ করেছেন কিন্তু এরপরেও ইনফ্লুয়েঞ্জায় সংক্রমিত হয়েছেন, এমন পরিস্থিতিতে ভ্যাকসিন কিছু কিছু নির্দিষ্ট ক্ষেত্রে অসুস্থতাকে হালকা করে দিতে পারে।

অধিকাংশ স্বাস্থ্য বীমা পরিকল্পনায় ইনফ্লুয়েঞ্জা টিকা অন্তর্ভুক্ত। স্বাস্থ্য বিমা নেইএমন ব্যক্তি এবং পরিবার বিনামূল্যে বা স্বল্প মূল্যের টিকা দেওয়ার জন্য স্থানীয় ক্লিনিক অনুষ্ঠিত হবে কিনা তা জানতে তাদের কাউন্টি স্বাস্থ্য দপ্তরের সাথে আলোচনা করা উচিত। দুবছর বা তার বেশি বয়সী শিশু এবং প্রাপ্তবয়স্করা স্থানীয় ফার্মাসিতেও তাদের ইনফ্লুয়েঞ্জা টিকা নিতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটে কিভাবে এটি পর্যবেক্ষণ করা হয় তা সহ ইনফ্লুয়েঞ্জা সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য, স্বাস্থ্য দপ্তরের ওয়েব পেজ পরিদর্শন করে দেখুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন